

যুগান্তর

প্রিন্ট: ০৫ অক্টোবর ২০২৫, ১১:০৩ এএম

শিক্ষান্তর

কর্তৃতার কর্মসূচিতে যাচ্ছেন এনটিআরসি এর সুপারিশপ্রাপ্ত শিক্ষকরা।



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ০৮ অক্টোবর ২০২৫, ০৭:০৬ পিএম



বেসরকারি শিক্ষক নিবন্ধন
ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)



যথাসময়ে বদলি চালুর দাবিতে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসিএ) সুপারিশপ্রাপ্তি শিক্ষকরা কঠোর কর্মসূচিতে যাচ্ছেন শিক্ষকরা। আগামীকাল রোববার (৫ অক্টোবর) সংবাদ সম্মেলনের মাধ্যমে এ কর্মসূচি ঘোষণা করা হবে বলে জানা গেছে।

রোববার সকাল ১০টায় জাতীয় প্রেস ক্লাবের মাওলানা মোহাম্মদ আকরাম খঁ হলে সংবাদ সম্মেলনটি অনুষ্ঠিত হবে। বাংলাদেশ ইউনিটি অব টিচার্সের ব্যানারে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হচ্ছে।

বিষয়টি নিশ্চিত করেছেন সংগঠনের মুখ্যপাত্র এ এইচ বাবলু। তিনি বলেন, ‘বেসরকারি শিক্ষকদের বদলি নীতিমালা অনুযায়ী সেপ্টেম্বর মাস থেকে শূন্য পদের তথ্য সংগ্রহের কথা থাকলেও সেটি মানা হয়নি। এ অবস্থায় আমরা আগামীকালকের সংবাদ সম্মেলনের মাধ্যমে সরকারকে আলটিমেটাম দিতে চাই। এ আলটিমেটামের মধ্যে বদলির কার্যক্রম শুরু না করা হলে শিক্ষকরা কঠোর কর্মসূচিতে যাবে।’

তিনি আরও বলেন, ‘শিক্ষকরা কোনো কর্মসূচিতে যেতে চায় না। এজন্য আমরা সরকারকে একটি যৌক্তিক সময় দিতে চাই। তবে এর মধ্যেও যদি দাবি না মানা হয়, তাহলে অবস্থান কর্মসূচি থেকে শুরু করে আরও কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে।’

জানা গেছে, এনটিআরসিএ কর্তৃক সুপারিশপ্রাপ্তি শিক্ষকরা নিয়োগ পেলেও দীর্ঘদিন একই প্রতিষ্ঠানে থেকে ঘান, যা শিক্ষকতা পেশার বিকাশে অন্তরায় হয়ে দাঢ়ায়। এজন্য স্বয়ংক্রিয় পদ্ধতিতে বদলির সুযোগ চালুর উদ্যোগ নেয় সরকার। তবে সফটওয়্যারের নিয়ন্ত্রণ নিয়ে জটিলতা তৈরি হয়েছে। এছাড়া ইনডেক্সধারী সব শিক্ষককে বদলির আওতায় নিয়ে আসতে আদালতে রিট হওয়ায় বদলি কার্যক্রম থমকে গেছে। এ অবস্থায় বদলি চালুর দাবিতে পুনরায় আন্দোলনের দিকে যাচ্ছেন এনটিআরসিএর সুপারিশপ্রাপ্তি শিক্ষকরা।